

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬ ১(আগরতলা- ১৫১০৫)

সোনামুড়া, ১৫ মে, ২০ ১৮

সোনামুড়ায় ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের
বেড়া নির্মাণের কাজ দ্রুত শেষ করতে মুখ্যমন্ত্রীর নির্দেশ

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে সোনামুড়া রাজস্ব ডাকবাংলোয় আজ বিকেলে উচ্চ পর্যায়ের প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। সোনামুড়ায় ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে এই সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় মুখ্যমন্ত্রী ছাড়াও বিধায়ক সুভাষ চন্দ্র দাস, মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন, ডি জি পি এ কে শুক্লা, সীমান্ত রক্ষী বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি এইচ কে লোহিয়া, সীমান্ত রক্ষী বাহিনীর ডি আই জি (অপারেশন) ডি কে বোরা, সাধারণ প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকগণ এবং নির্মাণকারী সংস্থা এন বি সি সি-র প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সোনামুড়া মহকুমা শাসক সাজু ওয়াহিদ আহমেদ সভার শুরুতে জানান, সোনামুড়া মহকুমায় ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকা রয়েছে ৮৭.৫০৪ কিলোমিটার। ইতিমধ্যে ৭৭.৭৫৩ কিলোমিটার এলাকায় সীমান্ত বেড়া নির্মাণ করা হয়েছে। বাকি অংশে বেড়া নির্মাণের কাজ সম্প্রতি শুরু হয়েছে। এর মধ্যে এক সারির বেড়া হবে ৭.০৯৬ কিলোমিটার এবং সমন্বিত বেড়া নির্মাণ হবে ২.২২০ কিলোমিটার এলাকায়।

সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব উক্ত নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নেন। মহকুমা শাসক জানান, সংশ্লিষ্ট এলাকার জমি ইতিমধ্যে অধিগ্রহণ করা হয়েছে। সরকারী নিয়ম মতো জমির দাম নির্ধারিত হয়েছে। জমির মালিকদের মধ্যে অনেকেই নির্ধারিত মূল্য নিয়ে জমি হস্তান্তর করেছেন। মুখ্যমন্ত্রী শ্রীদেব সংশ্লিষ্ট এলাকায় বেড়া নির্মাণ কাজ অতি দ্রুততার সঙ্গে যুদ্ধকালীন তৎপরতায় সম্পন্ন করার জন্য প্রশাসন ও নির্মাণকারী সংস্থাকে নির্দেশ দেন। তিনি বলেন, সীমান্তে বেড়া নির্মাণ কাজে যারা বাধা দান করবেন তাদেরকে কোনওভাবেই বরদাস্ত করা হবে না। প্রয়োজনে প্রশাসনকে তিনি কঠোর হতে বলেন। আগামী তিন মাসের মধ্যে কাজ শেষ করতে মুখ্যমন্ত্রী এন বি সি সি-র প্রতিনিধিদের বলেন।
